গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০৪৪.৯৯.০০৪.২২.

তারিখ: ০৫-০৪-২০২৩
২২ চৈত্র ১৪২৯

বিষয়: ২০২২-২৩ অর্থবছরের মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং কমিটির (মার্চ,২০২৩) মাসের প্রতিবেদন।

সূত্র: এ বিভাগের স্মারক নং-২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬, ২৭ জুলাই ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং কমিটির মার্চ, ২০২৩ মাসের প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: **মার্চ, ২০২৩ মাসের প্রতিবেদন।**

মো: মাফরুল আলম
প্রোগ্রামার
ফোন: ৯৫৮৪৮৮৯
ই-মেইল: Programmer@emrd.gov.bd

সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
[দৃ: আ: যুগ্মসচিব (প্রশাসন-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ]
সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, পেট্রোবাংলা কাওরান বাজার, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৪। ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।
৫। প্রকল্প পরিচালক, শরিয়তপুর-১ অনুসন্ধান কূপ খনন প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লি: (বাপেক্স)।
৬। প্রকল্প পরিচালক, ২টি অনুসন্ধান কূপ (টবগী-১, ইলিশা-১) ও ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (ভোলা নর্থ-২) খনন প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লি: (বাপেক্স)।
৭। উপ-মহাব্যবস্থাপক (উন্নয়ন) ও প্রকল্প পরিচালক, কৈলাশটিলা-৮ নং কূপ (অনুসন্ধান কূপ) খনন প্রকল্প, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।
৮। উপ-মহাব্যবস্থাপক (ভিজিলেন্স), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৯। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১০। যুগ্মসচিব( উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

মো: মাফরুল আলম
প্রোগ্রামার

## মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য গঠিত কমিটির
## মার্চ, ২০২৩ মাসের প্রতিবেদন

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বা এপিএ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম মনিটরিং এর জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২৭ জুলাই, ২০২২ তারিখের ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ সংখ্যক অফিস আদেশ বলে মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য কমিটি পুনর্গঠন করা হয়। কার্যপরিধি অনুযায়ী জ্বালানি অনুসন্ধান কার্যক্রমের ওপর কমিটি প্রতিমাসে মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে।

**২।লক্ষ্যমাত্রাঃ**

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত ২০২২-২৩ অর্থবছরের এপিএ-এর' জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান' কার্যক্রমের আওতাধীন টবগী#১ অনুসন্ধান কূপের খনন ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এই কূপের ডিএসটি গত ১২ নভেম্বর, ২০২২ তারিখ সম্পন্ন হয়েছে। কূপটি বর্তমানে দৈনিক ২০ মিলিয়ন ঘনফুট উৎপাদনক্ষম করা হয়েছে। অপর লক্ষ্যমাত্রাটি অর্জনের বিষয়ে উল্লেখ্য যে, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর অধীন কোম্পানি বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এবং সিলেট গ্যাস ফিল্ডস লিঃ (এসজিএফএল) কর্তৃক কয়েকটি অনুসন্ধান কূপ খননের কার্যক্রম বর্তমানে চলমান আছে।

**৪।কূপ খননের অগ্রগতিঃ**

২০২২-২৩ অর্থবছরের এপিএ'র আওতায় জ্বালানির উৎস অনুসন্ধানের লক্ষ্যমাত্রার বিপরীতে বর্তমানে চলমান অনুসন্ধান কূপ খনন কার্যক্রম সমূহের মার্চ, ২০২৩ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

| ক্রমঃ | কার্যক্রম | বিবরণ |
|---|---|---|
| ১। | শরীয়তপুর#১ অনুসন্ধানকূপ খনন | প্রকল্পের আওতায় শরীয়তপুর#১ অনুসন্ধানকূপ ৩২০০ (+১০০) মিটার গভীরতায় খনন, পরীক্ষণ এবং কমপ্লিশন করা হবে। বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য তৈল/গ্যাস আবিস্কার সাপেক্ষে এ প্রকল্প হতে ৭৩.৮ বিলিয়ন ঘনফুট গ্যাসমজুদ প্রাপ্তির সম্ভাবনা আছে। অনুমোদিত আরডিপিপি অনুসারে ১০,৪২৩.০০ লক্ষ টাকা ব্যয়ের এ প্রকল্পের মেয়াদ ১ জুলাই ২০২১ হতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত।<br><br>কূপ খনন এলাকার ৬.৪৯ একর ও সড়ক প্রশস্তকরণের ০.৬৩ একর ভূমি অধিযাচন করা হয়েছে। ইতোমধ্যে কূপ খনন এলাকার ভূমি উন্নয়ন, সংযোগ সড়ক নির্মাণ ও স্থানীয় সড়ক প্রশস্তকরণের কাজ সমাপ্ত হয়েছে। কূপ খনন এলাকায় রিগ ও মেশিনারি ফাউন্ডেশন, গেট ও ফেন্সিং, আবাসিক শেড, কিচেন-ডাইনিং, গোডাউন নির্মাণ ও গভীর নলকূপ স্থাপনসহ বিভিন্ন পূর্ত কাজসম্পন্ন হয়েছে। এছাড়া শরীয়তপুর#১ অনুসন্ধানকূপ খনন প্রকল্পের জন্য বৈদেশিক মালামাল/যন্ত্রপাতি আমদানি সম্পন্ন হয়েছে।<br><br>পরিবহন ঠিকাদার ও বাপেক্স এর নিজস্ব পরিবহনের মাধ্যমে যুগপৎভাবে রিগ ও খনন মালামাল পরিবহনের কাজ সম্পন্ন শেষে প্রকল্প এলাকায় বাপেক্স-এর মালিকানাধীন বিজয়-১০ রিগ-আপ করা হয়।<br><br>শরীয়তপুর#১ অনুসন্ধান কূপ বিজয়-১০ রিগ দ্বারা গত ০৫ নভেম্বর, ২০২২ তারিখে খনন শুরু করে ৩৩০০মিটারগভীরতা পর্যন্ত খনন করা হয়েছে। SOPঅনুসরণে লগিং, VSPইত্যাদি সম্পন্ন হয়েছে। |
| ২। | কৈলাশটিলা#৮ অনুসন্ধান কূপ খনন | সিলেট গ্যাস ফিল্ডস লিঃ এর একটি প্রকল্পের আওতায় কৈলাশটিলা#৮ কূপ(অনুসন্ধান কূপ) ২৫০০ (+৫০) মিটার গভীরতায় খনন, পরীক্ষণ এবং কমপ্লিশন করা হবে।কূপ খনন শেষে গ্যাস প্রাপ্তি সাপেক্ষে ১.৩কিলোমিটার দৈর্ঘ্য বিশিষ্ট গ্যাস গ্যাদারিং পাইপলাইন স্থাপনের পরিকল্পনা |

| | | |
|---|---|---|
| | | রয়েছে।<br><br>কূপ খনন এলাকায় ৬.৫৮ একর ভূমি অধিগ্রহন করা হয়েছে। ভূমি উন্নয়ন, এইচবিবি রোড,সীমানা প্রাচীর, বক্সকালভার্ট নির্মাণ, রিগ ও মেশিনারি ফাউন্ডেশন, গভীর নলকূপ স্থাপনসহ বিভিন্ন পূর্ত নির্মাণ কাজ চলমান আছে। এছাড়া কৈলাশটিলা#৮খনন প্রকল্পের জন্য বৈদেশিক মালামাল/যন্ত্রপাতির ৬লট ভান্ডারে মজুত আছে এবং ২লট (ডাউনহোল কমপ্লিশন এবং সিমেন্ট ও রাসায়নিক সামগ্রী) আমদানি প্রক্রিয়াধীন আছে। কৈলাশটিলা#৮ কূপখনন কাজে বৈদেশিক পরামর্শক সেবা সংগ্রহের নিমিত্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে এলসি খোলা হয়েছে।<br><br>ছয় ক্যাটাগরির তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা গ্রহণের লক্ষ্যে বিভিন্ন আন্তর্জাতিক ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে এসজিএফএল-এর চুক্তি স্বাক্ষরিত হয়েছে। স্লিকলাইন অপারেশন ব্যতিত অন্যান্য ৫টি সেবার বিপরীতে এলসি খোলা হয়েছে। কূপের গভীরতা বৃদ্ধিতে ইতোমধ্যে সম্পাদিত চুক্তি মূল্যপুনঃনির্ধারণে পিপিসি'র সিদ্ধান্তের আলোকে ঠিকাদার প্রতিষ্ঠানসমূহের সাথে জানুয়ারী, ২০২৩ মাসে দরকষাকষির জন্য সভা অনুষ্ঠিত হয়।দরকষাকষির পর প্রাপ্ত সংশোধিত মূল্য নির্ধারণ পূর্বক পিপিসি আহবায়ক বরাবর প্রতিবেদন দাখিল করা হয়েছে। সিসিজিপি'র অনুমোদন সাপেক্ষে পুনঃচুক্তি সম্পাদন করা হবে।<br><br>এছাড়া, গভীরতা বৃদ্ধির ফলে খনন অপারেশন, মাডলগিং সার্ভিস, মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস, সারফেস টেস্টিং এবং স্লিকলাইন ইউনিট ভাড়ায় প্রদান পরিবর্তীত মূল্য বিষয়ে বাপেক্সের সাথে ঐক্যমত হয়েছে। সিসিজিপির অনুমোদন সাপেক্ষে চুক্তি স্বাক্ষর করা হবে। অন্যদিকে, প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে আরডিপিপি প্রনয়নের কাজ চলমান আছে। |
| | ইলিশা#১ অনুসন্ধান কূপ খনন | গ্যাজপ্রমের মাধ্যমে টার্ন কী ভিত্তিতে ২টি অনুসন্ধান কূপ (টবগী#১ ও ইলিশা#১) এবং ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (ভোলা নর্থ#২) খনন, পরীক্ষণ এবং কমপ্লশিন করার লক্ষ্যে বাপেক্স কর্তৃক একটি প্রকল্প গ্রহণ করা হয়।<br><br>বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য তৈল/গ্যাস আবিস্কার সাপেক্ষে এ প্রকল্প হতে ৪২৯ বিলিয়ন ঘনফুট গ্যাস মজুদ প্রাপ্তির সম্ভাবনা আছে। অনুমোদিত ডিপিপি অনুসারে ৬৯,৪৬৩.০০ লক্ষ টাকা ব্যয়ের এ প্রকল্পের মেয়াদ ৩০ জুন ২০২৩ পর্যন্ত। বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য তৈল/গ্যাস আবিস্কার সাপেক্ষে এ প্রকল্প হতে দৈনিক গড়ে ৪৬-৫৫ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদিত হবে।<br><br>আলোচ্য প্রকল্পের আওতায় টবগী#১ ও ভোলা নর্থ#২ এর সফল খনন পরবর্তী ৩য় ও সর্বশেষ কূপ ইলিশা#১ খনন শুরুর নিমিত্ত কূপ খনন এলাকা ও সড়ক প্রশস্তকরণের জন্য ৫.৪০ একর ভূমি অধিযাচন করা হয়েছে। প্রয়োজনীয় সাইট ডিমার্কেশনসহ সাইট ডেভেলপমেন্ট (ফেন্সিং, সেলার সার্ভে, রিগ ফাউন্ডেশন, মেশিনারি ফাউন্ডেশন, মাড পিট, গোডাউন, ক্যারাভেন স্কিড, সিকিউরিটি শেড নির্মাণ) কার্যক্রম সম্পন্ন হয়েছে। গত ০৯ মার্চ ২০২৩ তারিখ ৩৪০০ (+/-৫০) মিটার গভীরতা পর্যন্ত খননের লক্ষ্যমাত্রা নিয়ে মূল খনন কার্যক্রম শুরু হয়েছে। |

**৪।সিদ্ধান্ত/সুপারিশঃ**

(ক) শরীয়তপুর#১ অনুসন্ধান কূপের নির্ধারিত লক্ষ্যমাত্রা পর্যন্ত খনন সম্পন্ন হওয়ায় পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;

(খ) বন্যা এবং গভীরতা বৃদ্ধির ফলে কৈলাশটিলা#৮ অনুসন্ধান কূপ খননকার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে শেষ হওয়ার বিষয়ে অনিশ্চয়তা পরিলক্ষীত হচ্ছে। আরডিপিপি যথাসম্ভব দ্রুত প্রণয়ন ও অনুমোদনের জন্য এসজিএফএল-কে তৎপর হতে হবে।

মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

এম নাসিমুল আলীম
উপমহাব্যবস্থাপক (ভিজিলেন্স)
পেট্রোবাংলা
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

মোহাম্মদ ফারুক হোসেন
যুগ্মসচিব (প্রশাসন-২)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

শাহিনা খাতুন পিএএ
যুগ্মসচিব (উন্নয়ন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি